

গ্রাম সরকার (রহিতকরণ) আইন, ২০০৯

২০০৯ সনের ২৮ নং আইন

[৮ এপ্রিল, ২০০৯]

গ্রাম সরকার আইন, ২০০৩ রহিতকরণকল্পে প্রণীত আইন

যেহেতু গ্রাম সরকার আইন, ২০০৩ (২০০৩ সনের ৬নং আইন) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

- ১। (১) এই আইন গ্রাম সরকার (রহিতকরণ) আইন, ২০০৯ নামে অভিহিত হইবে। সংশ্লিষ্ট শিরোনাম ও প্রবর্তন
- (২) ইহা ০১ জুন ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।
- ২। (১) গ্রাম সরকার আইন, ২০০৩ (২০০৩ সনের ৬নং আইন), ২০০৩ সনের ৬নং আইন রহিতকরণ ও হেফাজত
অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।
- (২) উক্ত আইন রহিত হইবার সঙ্গে সঙ্গে—
- (ক) উহার অধীন গঠিত গ্রাম সরকার, অতঃপর বিলুপ্ত গ্রাম সরকার বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল;
- (খ) বিলুপ্ত গ্রাম সরকারের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল প্রকার সম্পদ সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদের অনুকূলে ন্যস্ত হইবে;
- (গ) বিলুপ্ত গ্রাম সরকারের সকল ঋণ ও দায়-দায়িত্ব সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদের ঋণ ও দায়-দায়িত্ব বলিয়া গণ্য হইবে; এবং
- (ঘ) বিলুপ্ত গ্রাম সরকারের অধীনে কৃত উহার সকল কার্য বা গৃহীত ব্যবস্থা বা কোন আদালতে বিচারাধীন কোন মামলা উক্তরূপ কার্য বা বিচার-ব্যবস্থা বা মামলা অকার্যকর, রহিত ও বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৩। এতদ্বারা গ্রাম সরকার (রহিতকরণ) অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ ২০০৮ সনের ২৩ নং অধ্যাদেশ রহিতকরণ
সনের ২৩ নং অধ্যাদেশ) রহিত করা হইল।